

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৮.২০১৫.(খন্ড-১).৪৪

তারিখ: ১৭/০১/২০১৮ খ্রি:

বিষয় : রিট পিটিশন নং- ৯৯৫৮/২০১৩ এর আলোকে বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন শহীদ স্মরণিকা ডিগ্রি কলেজের প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) পদে জনাব মো: ইমরুল কায়েস এর এম.পি.ও. কর্তন করে উক্ত পদে জনাব মো: নজরুল ইসলাম-কে এম.পি.ও. ভুক্ত করণ সংক্রান্ত।


সূত্র : ৭জি/৮১৫ (ক-৩)/২০০৬ (অংশ-১)/৬৫২০ তারিখ : ০৪.১২.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৯৯৫৮/২০১৩ এর আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন শহীদ স্মরণিকা ডিগ্রি কলেজে পূর্বে যোগদানকারী প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: নজরুল ইসলাম এর এম.পি.ও. ভুক্তির আবেদন অধ্যয়ন না করে পরে যোগদানকারী প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব ইমরুল কায়েস এর আবেদন প্রেরণ করায় জনবল কাঠামো নির্দেশিকা ১৮ ১(গ) অনুচ্ছেদ অনুযায়ী বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন শহীদ স্মরণিকা ডিগ্রি কলেজের অধ্যক্ষ এর বেতন ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিত করার পূর্বে কারণ দর্শিয়ে জবাবের কপি এ বিভাগে প্রেরণকরণ ;

(খ) পূর্বের সভাপতিসহ অন্যান্য সদস্যদের স্বাক্ষর জাল, নিয়োগদানের ভূয়া সুপারিশ, রেজাল্ট শিট তৈরী করে নিয়োগপ্রাপ্ত প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মো: ইমরুল কায়েস এর নিয়োগ বিধি সম্মত নয়। জনবল কাঠামো নির্দেশিকার ১৮ (১) (গ) অনুচ্ছেদ অনুযায়ী তার বেতন ভাতার সরকারি অংশ অবিলম্বে বাতিল করে প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) পদে জনাব মো: নজরুল ইসলাম কে এম.পি.ও. ভুক্তকরণ ;

(গ) নিয়োগ বৈধ না হওয়ায় জনবল কাঠামো নির্দেশিকা অনুযায়ী জনাব মো: ইমরুল কায়েস বেতন-ভাতার সরকারী অংশ প্রাপ্য হবেন না। এ পরিপ্রেক্ষিতে জনাব ইমরুল কায়েস কর্তৃক এ যাবত গৃহীত অর্থ চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রয়োজনে PDR Act, ১৯১৩ এ মামলা দায়ের করে এ অর্থ আদায় করতে হবে।

  
(নুসরাত জাবীন বানু)  
যুগ্মসচিব  
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, শাহবাগ, ঢাকা (রিট পিটিশন নং-৯৯৫৮/২০১৩ এর যোগসূত্র থাকায়)।
০২. ডেপুটি এটর্নি জেনারেল, এটর্নি জেনারেল অফিস, সুপ্রীম কোর্ট প্রিমিসেস, শাহবাগ, ঢাকা (রিট পিটিশন নং-৯৯৫৮/২০১৩ এর যোগসূত্র থাকায়)।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৬. যুগ্ম-সচিব (বেসর: মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।